



## সদরঘাটে দুই লক্ষের সংঘর্ষে যুবক নিহত, নিখোঁজ ৩



ছবি: ফেসবুক ভিডিও থেকে

রাজধানীর সদরঘাট এলাকায় দুই লক্ষের মুখোমুখি ধাক্কা মর্মান্তিক দুর্ঘটনা ঘটেছে। এতে সোহাগ (২২) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। অন্তঃসত্ত্বা এক নারীসহ দুজন গুরুতর আহত হয়েছেন এবং পানিতে পড়ে অন্তত তিনজন যাত্রী নিখোঁজ রয়েছেন।

আজ বুধবার সন্ধ্যায় ঘটনাটি নিশ্চিত করেন সদরঘাট নৌ থানা ও কোতোয়ালি থানা পুলিশের দায়িত্বশীল কর্মকর্তারা।

পুলিশ জানায়, বিকেল ৫টার দিকে সদরঘাট টার্মিনাল থেকে একটি লঞ্চ ছেড়ে যাওয়ার সময় পেছন দিক থেকে আরেকটি লঞ্চ এসে সজোরে ধাক্কা দেয়। এ সময় দুই লক্ষের মাঝখানে পড়ে একটি ইঞ্জিনচালিত নৌকা চূর্ণবিচূর্ণ হয়ে যায়। ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয়, আর পানিতে পড়ে নিখোঁজ হন আরও তিনজন।

প্রত্যক্ষদর্শী নর আলম বলেন, নৌকাটিতে ৭ থেকে ৮ জন যাত্রী ছিলেন। সংঘর্ষের পর নৌকাটি দুই লক্ষের ফাঁকে চাপা পড়ে গেলে যাত্রীরা ছিটকে নদীতে পড়ে যান। তিনজন এখনো নিখোঁজ, বাকিরা আশপাশের নৌযানের সহায়তায় তীরে উঠতে পেরেছেন।

দুর্ঘটনায় আহতদের মধ্যে অন্তঃসত্ত্বা এক নারীর অবস্থা আশঙ্কাজনক। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার তৎপরতা চালায় বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স। আহতদের প্রাথমিক চিকিৎসা দিয়ে পরে হাসপাতালে পাঠানো হয়। চিকিৎসকরা জানিয়েছেন, দুজনের অবস্থা স্থিতিশীল থাকলেও অন্তঃসত্ত্বা নারীর শারীরিক পরিস্থিতি গুরুতর।

পুলিশ জানিয়েছে, দুর্ঘটনার কারণ অনুসন্ধান করা হচ্ছে। চালক বা সংশ্লিষ্টদের অবহেলার প্রমাণ পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে তথ্য সংগ্রহ করে পরবর্তী পদক্ষেপ নেওয়া হচ্ছে।

নৌপুলিশ বলছে, ভবিষ্যতে এমন দুর্ঘটনা রোধে নজরদারি ও নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা হবে।